# পশ্চিম বঙ্গ সরকার

সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণ
নবদ্বীপ সমষ্টি উন্নয়ন
নবদ্বীপ, নদীয়া

## আশা কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি

পত্রাঙ্ক - ১৭১৪/নব

তারিখ-০৮.০৯.২০২২

Mission Director, NHM & Jt. Secretary, H&FW Department, Government of West Bengal এর ১৪-০৬-২০২২ তারিখের পত্র নম্বর HFW-27011/২১৬/২০১৮-NHM SEC – Dept. of H&FW Pt-(I)/1962 এবং অতিরিক্ত জেলা শাসক (সাধারন), নদীয়া -এর ২০.০৮.২০২২ তারিখের পত্র নম্বর CMOH-Nad/RCH/122 এর আদেশনামা অনুয়ায়ী নদীয়া জেলার অন্তর্গত নবদ্বীপ ব্লকের, ৪ টি গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন উপস্বাস্থ্য কেন্দ্রের অন্তর্গত বিভিন্ন গ্রামেরবিভিন্ন পরিষেবা এলাকার ১০ জন "আশা কর্মী" নিয়োগের উদ্দেশ্যে সংশ্লিষ্ট গ্রামের সেই পরিষেবা এলাকায় বসবাসকারী মহিলা প্রার্থীদের কাছ থেকে নির্দিষ্ট বয়ানের (সরণী – ১ দ্রষ্টব্য ) দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

**শূন্য পদের বিবরণ**

| ব্লক | গ্রাম পঞ্চায়েত | উপস্বাস্থ্য কেন্দ্র | শূন্য পদ | যে গ্রামের (পরিষেবা এলাকা) (Service Area) স্থায়ী বাসিন্দা হতে হবে | সংরক্ষণের বিবরণ |
|---|---|---|---|---|---|
| নবদ্বীপ | স্বরূপগঞ্জ | মহেশগঞ্জ | ১ | তিওরখালি সিটি (**পরিষেবা এলাকা** : লেনিন কলোনী পূর্ব / মজফফরনগর কলোনী, সংসদ নং- ৮) | তপশিলী জাতি |
| নবদ্বীপ | স্বরূপগঞ্জ | স্বরূপগঞ্জ | ১ | গাদিগাছা সিটি (**পরিষেবা এলাকা** : চরস্বরূপগঞ্জ পাল পাড়া, বরিশাল পাড়া, আনন্দপাড়া, সংসদ নং- ২২) | অসংরক্ষিত |
| নবদ্বীপ | মায়াপুর বামনপুকুর ১ | শ্রীমায়াপুর | ১ | বল্লালদীঘি (**পরিষেবা এলাকা** : গৌরনগর, তারনপুর, সংসদ নং- ১) | অসংরক্ষিত |
| নবদ্বীপ | মায়াপুর বামনপুকুর ১ | বামুনপুকুর | ১ | বামুনপুকুর সিটি (**পরিষেবা এলাকা** : তারকনগর, কাজিপাড়া উত্তর ও দক্ষিন অংশ, সংসদ নং- ৪, ১৩) | অসংরক্ষিত |
| নবদ্বীপ | মায়াপুর বামনপুকুর ১ | মোল্লাপাড়া | ১ | সরডাঙ্গা (**পরিষেবা এলাকা** : নজরুলপল্লী, গোমাঘর উত্তর অংশ সংসদ নং- ৯,৮) | অসংরক্ষিত |
| নবদ্বীপ | ফকিরডাঙ্গা ঘোলাপাড়া | ফকিরডাঙ্গা | ১ | মহিশুড়া (**পরিষেবা এলাকা** : মাঝেরপাড়া সংসদ নং- ৮) | অসংরক্ষিত |
| নবদ্বীপ | ফকিরডাঙ্গা ঘোলাপাড়া | বাহিরচড়া | ১ | মহিশুড়া (**পরিষেবা এলাকা** : বাহিরচড়া উত্তরপাড়া, সংসদ নং- ৩) | অসংরক্ষিত |
| নবদ্বীপ | মহিশুড়া | মহিশুড়া | ১ | মহিশুড়া (**পরিষেবা এলাকা** : মন্ডল পাড়া এবং খালের পাড়া, সংসদ নং- ৬) | অসংরক্ষিত |

| ব্লক | গ্রাম পঞ্চায়েত | উপস্বাস্থ্য কেন্দ্র | শূন্য পদ | যে গ্রামের (পরিষেবা এলাকা) (Service Area) স্থায়ী বাসিন্দা হতে হবে | সংরক্ষণের বিবরণ |
|---|---|---|---|---|---|
| নবদ্বীপ | মহিশুড়া | কালিনগর | ১ | মহিশুড়া **(পরিষেবা এলাকা :** মাঝেরচড়া মধ্যপাড়া, সংসদ নং- ৯ | অসংরক্ষিত |
| নবদ্বীপ | মহিশুড়া | কালিনগর | ১ | মহিশুড়া **(পরিষেবা এলাকা :** মাঝেরচড়া দক্ষিনপাড়া, সংসদ নং- ৯ | অসংরক্ষিত |

১. কেবল মাত্র বিবাহিতা / বিধবা / আদালত কর্তৃক ডিক্রিমূলে বিবাহ বিচ্ছিন্না মহিলারা আবেদন করতে পারেন।

২. আগ্রহী প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট গ্রামের সংশ্লিষ্ট পরিষেবা এলাকা (Service Area) স্থায়ী বাসিন্দা হতে হবে। প্রমান স্বরূপ সাম্প্রতিক নির্বাচক তালিকা অনুসারে প্রার্থীকে তার EPIC ও রেশন কার্ডের প্রত্যায়িত নকল অবশ্যই জমা দিতে হবে।

৩. সাধারণ প্রার্থীর বয়স ০৮.০৯. ২০২২ তারিখে ৩০ বছর থেকে ৪০বছরের মধ্যে হতে হবে । তপশিলি জাতি ও উপজাতি ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ঐ তারিখের ২২ বছর থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।

৪. প্রার্থীকে অবশ্যই মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ অথবা মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায়এপিয়ার্ড (Appeared) হতে হবে। এক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় প্রাপ্ত নম্বর বিচার করা হবে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা থাকা প্রার্থীদের উচ্চ শিক্ষার জন্য কোন মূল্যায়ণ বা বিবেচনার সুবিধে থাকবে না।

৫. উপরিউক্ত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের মধ্যে, গ্রেড ওয়ান এবং গ্রেড – টু স্বনির্ভর গোষ্ঠীর সদস্যা, প্রশিক্ষণ প্রাপ্ত ধাই এবং লিঙ্ক ওয়ার্কারগণ সংশ্লিষ্ট বিভাগীয় সংশাপত্র দাখিল করলে অগ্রাধিকার বিবেচনার সুবিধা থাকবে।

৬. সাব সেন্টার সন্নিহিত পরিষেবা এলাকার (সারণী দ্রষ্টব্য ) ২০১১ সালের জনগণনা তথ্য প্রক্ষেপণ করে তপশিলি জাতি / উপজাতি অধ্যুষিত রূপে ঘোষিত ক্ষেত্রে তপশিলি জাতি ও উপজাতি শংসাপত্র দাখিল করলে সংরক্ষণের জন্যে বিবেচিত হবেন।

৭. আবেদনের সঙ্গে নিম্নলিখিত প্রমাণ পত্রের প্রত্যেকটির স্বপ্রত্যায়িত প্রতিলিপি জমা দিতে হবে। প্রযোজ্য প্রমাণ পত্র গুলির যে কোন একটি আবেদন পত্রের সঙ্গে সংযুক্ত না থাকলে আবেদন পত্রটি গ্রাহ্য হবে না।

- ক. জন্ম তারিখের শংসাপত্র বা মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার এডমিট কার্ড / সার্টিফিকেট।
- খ. মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ বা অবতীর্ণ হওয়ার মার্ক শিট।
- গ. এলাকার বাসিন্দা হিসেবে ভোটার পরিচয় পত্র (EPIC) / রেশন কার্ড।
- ঘ. উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া জাতি গত প্রমাণ পত্র (কেবলমাত্র তপশিলি জাতি ও উপজাতি ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য)।
- ঙ. প্রার্থীর স্বাক্ষর সহ ২ কপি পাসপোর্ট সাইজ ফটো।
- চ. উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া গ্রেড – ১ এবং গ্রেড – ২ স্বনির্ভর গোষ্ঠীর ভুক্ত সদস্যা / প্রশিক্ষণ প্রাপ্ত দাই / লিঙ্ক ওয়ার্কার সংক্রান্ত প্রমাণ পত্র (প্রযোজ্য হলে)।
- ছ. উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত বিবাহ বিছিন্না মহিলা হওয়ার প্রমাণ পত্র।
- জ. বিবাহিতা / বিধবা প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত প্রমাণপত্রের নথিপত্র।

**নিয়োগের পূর্বে প্রার্থীকে অবশ্যেই জমাকৃত প্রমাণ পত্রের আসল দেখাতে হবে।**

৮. উপরিউক্ত শর্ত পূরণকারী প্রার্থীদের সাক্ষাতের তারিখ , সময়, স্থান পত্রমারফত প্রার্থীদের ঠিকানায় ডাকযোগে জানানো হবে।

৯. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন খারিজ হবে এবং পরবর্তীকালে অনুরোধ – উপরোধ গ্রাহ্য নয়।

১০. **আবেদনপত্র জমা দেওয়ার স্থান নবদ্বীপ সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণ, নবদ্বীপ , নদীয়া (বি. ডি. ও. অফিস)**

১১. **আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ <u>২৯-০৯-২০২২ বিকেল ৩ টা পর্যন্ত ( শনি বার, রবি বার ও সরকারী ছুটির দিন ব্যতিত )</u>**

সমষ্টি উন্নয়ন আধিকারিক
নবদ্বীপ উন্নয়ন আধিকারিকের করণ
নবদ্বীপ, নদীয়া

পত্রাঙ্ক ১৭১৪/১(১২)/নব

তারিখ ০৮.০৯.২০২২

অবগতির এবং ব্যপক প্রছারের জন্যে প্রতিলিপিটি প্রেরিত হল –

১. মাননীয় জেলাশাসক, নদীয়া
২. মাননীয়, অতিরিক্ত জেলা শাসক ( সাধারন), নদীয়া
৩. মাননীয় মহকুমা শাসক, সদর, কৃষ্ণনগর, নদীয়া
৪. মাননীয় ডি. পি. এইচ. এন. ও, নদীয়া
৫. মাননীয় ডি. পি. ও. (আই. সি. ডি. এস.) , নদীয়া
৬. মাননীয় সভাপতি, নবদ্বীপ পঞ্চায়েত সমিতি, নবদ্বীপ, নদীয়া
৭. মাননীয় কর্মাধ্যক্ষ, জন স্বাস্থ্য ও পরিবেশ স্থায়ী সমিতি, নবদ্বীপ পঞ্চায়েত সমিতি, নবদ্বীপ,নদীয়া ।
৮. মাননীয় ব্লক স্বাস্থ্য আধিকারিক, নবদ্বীপ, নদীয়া
৯. মাননীয় শিশু বিকাশ প্রকল্প আধিকারিক, নবদ্বীপ, নদীয়া
১০. মাননীয় প্রধান, সকল গ্রাম পঞ্চায়েত ।
১১. মাননীয় জেলা তথ্য আধিকারিক, নদীয়া, এ বিজ্ঞপ্তিটিকে জেলা ওয়েবসাইট এ আপলোড করার অনুরোধ করা হচ্ছে ।
১২. সম্পাদক, মুক্তিদূত, নবদ্বীপ

সমষ্টি উন্নয়ন আধিকারিক
নবদ্বীপ উন্নয়ন আধিকারিকের করণ
নবদ্বীপ, নদীয়া